

**AKASHVANI (AIR)**  
**RNU : KOLKATA**  
**Bengali Text Bulletin**

**Date: 21.10.2024**

**Time: 7.35A.M.**

বিশেষ বিশেষ খবরঃ-

১/ প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী তাঁর সংসদীয় কেন্দ্র বারানসী থেকে বাগড়োগরা সহ বেশ কয়েকটি বিমান বন্দরে উন্নয়ন কাজের উদ্বোধন ও শিলান্যাস করেছেন।

২/ ন্যায় বিচার ও ১০ দফা দাবিতে আন্দোলনরত জুনিয়ার ডাক্তারদের সঙ্গে আজ নবাম্বে ফের বৈঠকে বসছেন মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি।

৩/ খোলা বাজারে শাক সবজি সহ নিত্য প্রয়োজনীয় সামগ্ৰীৰ দাম নিয়ন্ত্ৰণে 'টাক্স ফোর্স'-এর নজরদারি চলবে।

৪/ রাজ্যে ৬'টি বিধানসভা আসনে উপনির্বাচনের জন্য দলীয় প্রার্থীদের নাম ঘোষণা করেছে তৃণমূল কংগ্রেস।

৫/ উত্তর আন্দামান সাগরে সৃষ্টি ঘূর্ণাবৰ্ত্তীটি আজই নিম্নচাপে পরিণত হতে পারে।

# দুর্যোগের আশঙ্কায় উপকূলবর্তী জেলাগুলিতে তৎপর প্রশাসন।

\*\*\*\*\*

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী তাঁর সংসদীয় কেন্দ্র বারানসী থেকে গতকাল ৬ হাজার ৭০০ কোটি টাকারও বেশি মূল্যের বিভিন্ন উন্নয়নমূলক প্রকল্পের উদ্বোধন ও শিলান্যাস করেছেন। এর মধ্যে রয়েছে এরাজ্যের বাগড়োগরা বিমান বন্দরের সম্প্রসারণের কাজ'ও। এই বিমান বন্দরগুলি আঞ্চলিক যোগাযোগ বৃদ্ধিতে সহায়ক হবে বলে প্রধানমন্ত্রী জানিয়েছেন।

এই উপলক্ষ্যে শিলিঙ্গড়ির কাওয়াখালির মাঠে একটি অনুষ্ঠানের আয়োজন করা হয়। উপস্থিতি ছিলেন কেন্দ্রীয় প্রতিমন্ত্রী শান্তনু ঠাকুর, সাংসদ রাজু বিস্ত, জয়ন্ত রায়, বিধায়ক শঙ্কর ঘোষ, আনন্দময় বর্মণ প্রমুখ। রাজ্য সরকারের তরফে উপস্থিতি ছিলেন শিলিঙ্গড়ির মেয়র গৌতম দেব।

কেন্দ্রীয় প্রতিমন্ত্রী শান্তনু ঠাকুর বলেন, ভৌগলিক অবস্থানগত দিক থেকে এই বিমানবন্দর অত্যন্ত গুরুত্বপূর্ণ। বিমানবন্দরের সম্প্রসারণ হলে যোগাযোগ ব্যবস্থার আরো উন্নতি হবে।

( বাইট- শান্তনু )

শিলিঙ্গড়ির মেয়র গৌতম দেব বলেন, মুখ্যমন্ত্রী চান সকলকে নিয়ে উন্নয়ন করতে। এই প্রকল্পে রাজ্য সরকার প্রায় একশ একর জমি দিয়েছে বলেও তিনি উল্লেখ করেন।

\*\*\*\*\*

ন্যায় বিচার ও ১০ দফা দাবিতে আন্দোলনরত জুনিয়ার ডাক্তাররা আজ নবান্নে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জির সঙ্গে বৈঠকে যোগ দেবেন। বিকেল ৫টায় নবান্ন সভাঘরে বৈঠক। মুখ্যসচিব মনোজ পন্থকে ইমেল করে তারা বৈঠকে অংশ নেওয়ার কথা জানিয়েছেন। তবে বৈঠকে বসার আগে অনশন প্রত্যাহারের যে শর্ত দেওয়া হয়েছিল, তা তারা মানছেন না বলেও জানিয়ে দেওয়া হয়েছে। আজকের বৈঠকের পরই অনশন তোলার বিষয়ে সিদ্ধান্ত হবে বলে জানিয়েছে জুনিয়ার ডক্টর'স ফ্রন্ট।

শনিবার সরকারের তরফে মুখ্যসচিব ও স্বরাষ্ট্র সচিব অনশন মঞ্চে গিয়ে তাঁদের সঙ্গে মুখ্যমন্ত্রীর টেলিফোনে কথা বলান। মুখ্যমন্ত্রী তাঁদের অনশন প্রত্যাহার করে

আলোচনায় বসার প্রস্তাব দেন। তবে দেওয়া হয়েছে বেশ কিছু শর্ত'ও। এপ্রসঙ্গে  
আন্দোলনকারী জুনিয়ার ডাঙ্গার দেবাশিষ হালদার বলেন-

( বাইট- দেবাশিষ )

বৈঠক থেকে কোনো সমাধান সূত্র বের হয় কিনা, সেদিকেই সবার নজর রয়েছে।

এদিকে, জয়েন্ট প্ল্যাটফর্ম অফ ডটসের পক্ষ থেকে মুখ্যমন্ত্রীকে ইমেইল করে  
জুনিয়ার ও সিনিয়ার চিকিৎসকরা স্বাস্থ্য সচিবের অপরসারণের দাবি কেন জানাচ্ছেন,  
তা বিস্তারিতভাবে জানানো হয়েছে। দুর্ব্বারা সংক্রান্ত বিভিন্ন বিষয় যথাসময়ে  
স্বাস্থ্যসচিবকে জানানো হলেও তিনি কোনোরকম পদক্ষেপ করেননি বলেও ঐ মেইলে  
উল্লেখ করা হয়েছে।

অন্যদিকে, স্বাস্থ্য দুর্ব্বারা ও ভূমকী সংস্কৃতির বিরুদ্ধে ‘ওয়েস্ট বেঙ্গল ডটস  
ফোরাম’ আজ মেডিক্যাল কাউন্সিল অভিযানের ডাক দিয়েছে।

তৃণমূল কংগ্রেসের সাধারণ সম্পাদক কুণাল ঘোষ জুনিয়ার ডাঙ্গারদের  
আন্দোলনকে কটাক্ষ করে বলেছেন, নির্যাতিতার ন্যায়বিচারের দাবি থেকে  
আন্দোলনকারী ডাঙ্গাররা ক্রমশ সরে আসছেন।

( বাইট- কুণাল )

\*\*\*\*\*

নদীয়ার কৃষ্ণনগরে অগ্নিদগন্ধ হয়ে তরুণীর মৃত্যুর ঘটনায় রাজ্য মহিলা কমিশনের  
পক্ষ থেকে দেবযানী চক্ৰবৰ্তী গতকাল কৃষ্ণনগর কোতোয়ালি থানায় ঘান। তিনি ঐ  
তরুণীর পরিবারের সঙ্গে দেখা করেন। যেখানে তরুণীর দেহ উদ্ধার হয়েছিল, সেই  
জায়গাটি'ও ঘুরে দেখে স্থানীয়দের সঙ্গে কথা বলেন তিনি। কৃষ্ণনগরের তরুণী  
মৃত্যুর ময়নাতদন্ত রিপোর্ট কল্যাণী JNM হাসপাতালের তরফ থেকে জেলা পুলিশের  
কাছে জমা পড়েছে। তাতে মৃত্যুর কারণ অগ্নিসংযোগ বলেই জানা গেছে। পাশাপাশি  
ওই তরুণীর গায়ে কোনোরকম আঘাতের চিহ্ন পাওয়া যায়নি বলেও পুলিশ সূত্রে  
জানানো হয়েছে।

\*\*\*\*\*

খোলা বাজারে মাছ, সবজি সহ নিত্য প্রয়োজনীয় সামগ্ৰীৰ দাম সাধাৱণেৰ নাগালেৰ মধ্যে রাখতে টাক্ষ ফোৰ্স, এনফোর্সমেন্ট শাখাৰ নিয়মিত নজৱদাৱি এবং সুফল বাংলা স্টলেৰ মাধ্যমে ন্যায্য মূল্যে বিক্ৰি বহাল থাকবে বলে রাজ্য সরকাৱ জানিয়েছে।

নবান্ন থেকে জাৱি কৱা বিবৃতিতে গতকাল বলা হয়েছে, রাজ্যেৰ হিমঘৰগুলিতে বৰ্তমানে ১৯ লক্ষ মেট্ৰিক টন আলু মজুদ রয়েছে, যা পৰ্যাপ্ত। পেঁয়াজেৰ দাম নিয়ন্ত্ৰণে রাখতে সুফল বাংলাৰ মাধ্যমে সৱাসৱি চাষীদেৱ থেকে ২০০ টনেৰ বেশি সুখসাগৱ পেঁয়াজ কেনা হয়েছে। পাশাপাশি টমেটো, কাঁচা লক্ষাৰ মত সবজি ১৫ থেকে ২০ শতাংশ কম দামে সুফল বাংলা স্টলে বিক্ৰি কৱা হচ্ছে। ঐ বিবৃতিতে আৱও বলা হয়েছে, দুৰ্গাপুজোৱ সময় জাৱি হওয়া নজৱদাৱি, উৎসবেৰ মৱশুম শেষ হওয়া পৰ্যন্ত বহাল থাকবে।

\*\*\*\*\*

শাৱদীয়া উৎসব এবং লক্ষ্মীপুজোৱ দীৰ্ঘ ১৬ দিন ছুটিৰ পৱ আজ রাজ্য সরকাৱি অফিসগুলি খুলছে। সৱকাৱি ছাড়াও আধা সৱকাৱি সব অফিসেই আজ থেকে স্বাভাৱিক কাজকৰ্ম শুৱ হবে। গত পাঁচই অক্টোবৱ থেকে রাজ্য সৱকাৱেৰ অফিসে ছুটি পড়েছিল।

এদিকে, কালীপুজো, দীপাবলী ও ভাইফোঁটাৱ জন্য আগামী ৩১ অক্টোবৱ থেকে চৌঠা নভেম্বৰ পৰ্যন্ত সৱকাৱি অফিস আৱো এক দফায় বন্ধ থাকবে।

অন্যদিকে, সম্প্রতি কেন্দ্ৰীয় সৱকাৱি তাদেৱ কৰ্মচাৱীদেৱ জন্য এক কিস্তি মহাৰ্ঘ ভাতাৱ কথা ঘোষণা কৱায় রাজ্য সৱকাৱি কৰ্মচাৱীদেৱ যৌথ সংগঠন সংগ্ৰামী যৌথ মঞ্চ আগামী ২৯ অক্টোবৱ সব সৱকাৱি অফিসে দু'ঘণ্টা কৰ্মবিৱতিৰ কথা জানিয়েছে।

\*\*\*\*\*

রাজ্যে ৬'টি বিধানসভা আসনেৱ উপনিৰ্বাচনেৰ জন্য দলীয় প্ৰার্থীদেৱ নাম ঘোষণা কৱেছে তৃণমূল কংগ্ৰেস। সিতাই বিধানসভা কেন্দ্ৰে প্ৰার্থী হচ্ছেন সঙ্গীতা রায়। মাদারিহাটে জয়প্ৰকাশ টোঁঞ্চো, নৈহাটিতে সনৎ দে, মেদিনীপুৱে সুজয় হাজৱা এবং

তালডাংড়া কেন্দ্রে প্রার্থী করা হয়েছে ফাল্তুনী সিংহবাবুকে। অন্যদিকে, হাড়োয়া বিধানসভা কেন্দ্রে বসিরহাটের প্রয়াত সাংসদ হাজি নুরুল ইসলামের মেজো ছেলে রবিউল ইসলামকে প্রার্থী হিসাবে মনোনীত করা হয়েছে।

এবার লোকসভা নির্বাচনে হাজি নুরুল ইসলাম বসিরহাট আসনে জয়লাভ করায় এই আসনটি খালি হয়েছিল।

উল্লেখ্য, এই ৬টি আসনে আগামী ১৩ নভেম্বর ভোটগ্রহণ, গণনা ২৩ শে নভেম্বর।

উপনির্বাচনের জন্য চলতি মাসেই প্রথম দফায় ৮৯ কোম্পানি কেন্দ্রীয় বাহিনী পাঠানো হচ্ছে।

\*\*\*\*\*

আবহাওয়া (৭-৩৫)

২১-১০-২৪

মধ্য আন্দামান সাগরে কেন্দ্রীভূত ঘূর্ণাবর্তটি আজ নিম্নচাপের আকার নিতে পারে। সেটি ক্রমশ উত্তর পশ্চিম দিকে এগোবে। আলিপুর আবহাওয়া দণ্ডের অধিকর্তা হবিবুর রহমান বিশ্বাস আকাশবাণীকে জানালেন,

( বাইট- আবহাওয়া )

পরিস্থিতির দিকে লাগাতার নজর রাখছে রাজ্য প্রশাসন। উপকূলবর্তী জেলাগুলিকে বলা হয়েছে সতর্ক থাকতে। দক্ষিণ ২৪ পরগণা থেকে আমাদের জেলা সংবাদদাতা জানাচ্ছেন-

( ভিসি- গৌতম )

\*\*\*\*\*

মোষের লড়াই দেখতে গিয়ে পুরুলিয়ার জয়পুরের রঙনি টাঁড় এলাকার তিনজন গুরুতর জখম হয়েছেন। গতকাল সকাল প্রায় ১১ টা নাগাদ মোষের লড়াই চলাকালীন নকুল মাহাতো নামে এক ব্যক্তিকে সজোরে আঘাত করে লড়াই-এ আসা একটি মোষ। গুরুতর আহত অবস্থায় তাঁকে পুরুলিয়া দেবেন মাহাতো মেডিক্যাল কলেজে ভর্তি করা হয়েছে। আহত আরও দুজনকে জয়পুর ব্লক প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্রে নিয়ে যাওয়া হয়।

উল্লেখ্য, পুরুলিয়ায় মোষ বা কাড়ার লড়াই একটি জনপ্রিয় খেলা।

এই ঘটনায় উদ্যোগাদের চারজনকে গ্রেফতার করা হয়েছে বলে পুলিশ জানিয়েছে।

\*\*\*\*\*

আসন্ন কালীপুজোয় শব্দনূষণ নিয়ে তৎপর হয়েছে দক্ষিণ ২৪ পরগনার সুন্দরবন পুলিশ জেলা। শব্দবাজি ও ডিজে বক্স পুরোপুরি নিষিদ্ধ করা হয়েছে। পুজোর দিনগুলিতে সবচেয়ে বেশী জোর দেওয়া হয়েছে মহিলাদের নিরাপত্তার ওপর। অবাঞ্ছিত ঘটনা এড়াতে প্রতিটি পুজো প্যান্ডেলে ২৪ ঘন্টা স্বেচ্ছাসেবক মোতায়েনের নির্দেশ দেওয়া হয়েছে।

গতকাল নামখানা থানা এলাকার সর্বজনীন কালীপুজো কমিটির কর্তাদের নিয়ে পুলিশ একটি বৈঠক করে। সেখানে উপস্থিত ছিলেন সাগরের এসডিপিও, সিআই ও ওসি নামখানা এবং দমকল ও বিদ্যুৎ দপ্তরের আধিকারিকরা।

\*\*\*\*\*

যদবপুরের কিশোর ভারতী ক্রীড়াঙ্গনে গতসন্ধ্যায় আইএসএল ফুটবলের ম্যাচে কেরালা ব্লাস্টার্স ২-১ গোলে মহামেডান স্পেস্টেডেকে হারিয়ে দিয়েছে। বিরতিতে মহামেডান ১-০ গোলে এগিয়ে ছিলো। কেরালার হয়ে কামে পেপরাহ ও জেসুস জিমেনেজ গোল করেন। মহামেডানের হয়ে পেনাল্টি থেকে একমাত্র গোলটি মির্জালোল ক্যাসিমোভ-এর। গ্যালারিতে বিশৃঙ্খলার জন্য দ্বিতীয়ার্দেশ সামান্য কিছু সময় ম্যাচ বন্ধ রাখতে হয়।

\*\*\*\*\*

